

# খোলা কাগজ

ঢাকা | শুক্রবার | ২৪ মাঘ ১৪২৬ | ৭ ফেব্রুয়ারি ২০২০

ay, February 6, 2020



রাজধানীতে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সমাবেশে  
বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি

-খোলা কাগজ

ইউআইইউ'র ষষ্ঠ সমাবেশ

## ডিগ্রি পেলেন ২৩৫২ জন

নিজস্ব প্রতিবেদক ■

বেসরকারি ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) ষষ্ঠ সমাবেশে স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণির ২ হাজার ৩৫২ শিক্ষার্থীকে ডিগ্রি প্রদান করা হয়েছে। এর মধ্যে সেরা ফলাফল অর্জনকারী চারজন স্বর্ণপদক পেয়েছেন। গতকাল বৃহস্পতিবার ইউআইইউ'র নিজস্ব ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয় আচার্য ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের পক্ষে শিক্ষার্থীদের হাতে সনদপত্র তুলে দেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। সমাবেশে বক্তা হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়টির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা এবং ভাইস চ্যান্সেলর (ভিসি) অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান বক্তব্য দেন।